# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌবাহিনী, খুলনা
**মোবাইল নম্বর ০১৬৭৪ ৯৫০৭১৫**
ই-মেইল ঃ contact@khulnashipyard.com, oiccomf.ksy@gmail.com


**বাবি (এফ)- ১৩/পরিবহণ/২০২৫-২০২৬** **২১ জুলাই ২০২৫**

সিডিউল মূল্য: প্রতিসেট টাকা ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য)।
সিডিউল বিক্রয়ের স্থান: খুলনা শিপইয়ার্ড লি: ক্যাশ শাখা।
বিক্রয়ের তারিখ: ২৩ জুলাই ২০২৫ সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত।
খোলার তারিখ: ২৩ জুলাই ২০২৫ সকাল ১১:৩০ ঘটিকা।

মেসার্স ..........................................................

..................................................................

..................................................................

**বিষয়: চট্টগ্রাম সমুদ্র বন্দরে আমদানীকৃত মালামাল (Hot Rolled Steel Plate) নদী পথে বার্জ/কার্গোর মাধ্যমে খুশিলির জেটি পর্যন্ত পৌঁছানোর জন্য পরিবহণ কাজের দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি), বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে আমদানীকৃত সর্বমোট **৪৯০.১৭০ মেট্রিক টন** Hot Rolled Steel Plate খুশিলির জেটি পর্যন্ত নদী পথে বার্জ/কার্গোর মাধ্যমে পরিবহণের জন্য প্রকৃত পরিবহণ ঠিকাদারের নিকট হতে সীল মোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নের ছক অনুযায়ী দরপত্র পূরণ করে টেন্ডারের শর্তানুসারে অন্যান্য কাগজপত্র টেন্ডারের সাথে সংযুক্ত করতে হবেঃ

| **490.170 M.Ton Hot Rolled Steel Plate** | | | | |
|---|---|---|---|---|
| **ক্র. নং** | **বিবরণ** | **পরিমাণ** | **ওজন (মে. টন)** | **পরিবহণ দর** |
| ০১ | Hot Rolled Steel Plate | ১৬৬ পিস | ৪৯০.১৭০ | টন প্রতি দর: টাকা...................... |

**শর্তাবলীঃ**

০১। সর্বমোট ৪৯০.১৭০ মেট্রিক টন Hot Rolled Steel Plate শিপমেন্ট হয়েছে, পরিবহণকৃত জাহাজ চট্টগ্রাম সমুদ্র বন্দরে আগমন সাপেক্ষে ২৭ জুলাই ২০২৫ অথবা তৎপরবর্তী যে কোন সময়ের মধ্যে চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে পরিবহণ করতে হবে।

০২। নদী পথে পরিবহণের ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট এর চাহিদা মোতাবেক/ খুশিলির নির্দেশ পাওয়ার পর পরই পরিবহণ ঠিকাদার নিজ দায়িত্বে চট্টগ্রাম বন্দরের জেটিতে অবস্থানরত মাদার ভেসেল হতে সরাসরি কার্গো/ বার্জ এ মালামাল লোড করতে হবে। এই উদ্দেশ্যে খুশিলির নির্দেশ পাওয়া মাত্রই প্রয়োজনীয় কার্গো/ বার্জ চট্টগ্রাম সমুদ্র বন্দরের জেটিতে অথবা পরিবহণকৃত মূল জাহাজের খুশিলির নির্দেশনা মোতাবেক সরবরাহের ব্যবস্থা করতে হবে। ইহার জন্য বন্দর কর্তৃপক্ষ বা অন্য কোন সংস্থার চাঁদা বা খরচ খুশিলি বহন করবে না। পরিবহণকালীন সময়ে পথিমধ্যে যাবতীয় খরচ ঠিকাদার/ পরিবহণকারী সংস্থাকে বহণ করতে হবে।

৩। মালামাল খুশিলি জেটিতে পৌছাতে হবে। কার্গো/ বার্জ হতে খুশিলিতে মালামাল নামানোর জন্য খুশিলির সক্ষমতার আওতায় ক্রেন সুবিধা দেয়া হবে। খুশিলির নিজস্ব পরিবহণ ব্যবস্থাপনায় খুশিলির জেটি হতে মালামালসহ খুশিলির অভ্যন্তরের নির্দিষ্ট স্থানে স্থানান্তর করা হবে।

৪। টেন্ডারের সহিত টাকা ৫০,০০০.০০ আর্নেস্ট মানি হিসেবে পে-অর্ডার খুশিলির অনুকূলে জমা দিতে হবে। দরদাতা প্রদানকৃত দরে কার্যাদেশ গ্রহণের ব্যর্থ হলে আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা যেতে পারে। উল্লেখ্য যে খুশিলিতে তালিকাভুক্ত ঠিকাদার/ সরবরাহকারীদের আর্নেস্ট মানি প্রদান করার প্রয়োজন নাই। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ পাওয়ার পূর্বে জামানত হিসেবে টাকা ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) মাত্র ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে খুশিলির অনুকূলে জমা দিতে হবে।

৫। পরিবহণকালীন সময়ে দ্রব্যেও কোন ক্ষয়ক্ষতি হলে তার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহণ ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতি পূরণ করতে ঠিকাদার বাধ্য থাকবে। পরিবহণকারী কার্গো/ বার্জ এর অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

০৬। দরদাতাগণের অবশ্যই খুলনা শহরে ট্রান্সপোর্ট অফিস এবং যোগাযোগের মাধ্যম থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে পরিবহণ কার্য তরান্বিত করার জন্য খুশিলির নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ডেমারেজ ও অন্যান্য ক্ষতি ঠিকাদার/ পরিবহণকারী সংস্থা কর্তৃক খুশিলিকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

০৭। দরপত্র আগামী **২৩ জুলাই ২০২৫ সময়: সকাল ১১:১৫** ঘটিকার মধ্যে খুশিলিতে টেন্ডার বক্সে জমা দিতে হবে এবং একই দিনে **সকাল ১১:৩০** ঘটিকায় দরপত্র খোলা হবে।

০৮। সম্পূর্ণ দ্রব্য পরিবহণের পর সরবরাহকৃত মালামালের ০১ (এক) কপি চালানসহ ০৩ (তিন) কপি বিল দাখিল করতে হবে এবং খুশিলির প্রধান ভাণ্ডার কর্তৃক চালান/ বিল কপিতে সত্যায়নের পর হিসাব বিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

০৯। সরকারী নিয়মানুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। দরদাতাদের নিম্নলিখিত ডকুমেন্টস্ দরপত্রের সহিত দাখিল করতে হবে:

ক। আয়কর পরিশোধের সার্টিফিকেট

খ। ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট

১১। দরপত্র বন্ধ খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে খুশিলি এর মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বক্সের ভিতর ফেলতে হবে।

**ম্যানেজিং ডাইরেক্টর**
খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

**টেন্ডার নং ঃ বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৫-২০২৬ তারিখ: ২১ জুলাই ২০২৫**
**টেন্ডার খোলার তারিখঃ ২৩ জুলাই ২০২৫ সময়: সকাল ১১:৩০ ঘটিকা।**

১২। উল্লিখিত মালামাল কোন কারণে চট্টগ্রাম বন্দরে পৌছাতে বিলম্ব/লোডিং-এ বিলম্ব এবং খুশিলির জেটিতে আকস্মিক জটিলতার কারণে আনলোডিং-এ বিলম্ব হলে পরিবহণ কার্য বিলম্ব হবে। এই বিলম্বের জন্য খুশিলি পরিবহণ ঠিকাদার এর ক্ষয়-ক্ষতির কোন প্রকার দায় দায়িত্ব গ্রহণ করবে না।

১৩। উল্লিখিত দ্রব্যাদি পরিবহণের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট টেন্ডারটি বাতিল অথবা পুন: টেন্ডার করার ক্ষমতা খুশিলি সংরক্ষণ রাখে

ধন্যবাদান্তে

শেখ শাহ্ মশিউর রহমান
ওআইসি-কমার্শিয়াল ফরেন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

\\172.16.2.10\commercial_foreign\2024-25\Paribahan\BABE (F)-13 Poribahan Schedule.doc